# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

জেন্ডার ও উন্নয়ন ফোরাম
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৬২৩.১৮.০০১.(০২).১২/ ৬০৯ তারিখ: ২৯/০৯/২০১৯ইং।

বিষয় : এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৪২তম সভার কার্যবিবরণী।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৪২তম সভা গত ১৯ সেপ্টেম্বর ২০১৯ইং, বিকাল ০৩.০০ ঘটিকায় আরডিইসি ভবন (লেভেল-১১) এ অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আহসান হাবিব, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মনিটরিং, অডিট, প্রকিউরমেন্ট ও আইসিটি) এবং সভাপতি, এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংযুক্তি-১ এ সংযোজন করা হলো।

সভায় নিচে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১। গত সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা। | জনাব সালমা শহীদ, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি এবং সদস্য-সচিব জেন্ডার ও উন্নয়ন ফোরাম নতুন সভাপতি মহোদয়কে অভিনন্দন জানিয়ে তাঁর অনুমতিক্রমে সকলকে স্বাগত জানিয়ে ৪২তম সভার কার্যক্রম শুরু করেন এবং বিদায়ী সদস্য-সচিব সৈয়দা আসমা খাতুনকে তাঁর নিরলস প্রচেষ্টার মাধ্যমে ফোরামকে এই পর্যায়ে নিয়ে আসার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। একই সাথে তিনি ভবিষ্যতে তাঁর অভিজ্ঞতা লব্ধ জ্ঞান দিয়ে ফোরাম পরিচালনার কাজে সহায়তা করবেন মর্মে প্রত্যাশা ব্যক্ত করেন। এরপর সদস্য-সচিব ৪১তম সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং কার্যবিবরণীর সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা করা হয়। | |
| ২। জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ২০১৬-২০২১ মেয়াদে পুস্তক আকারে মুদ্রণ এবং মনিটরিং ফরমেট প্রস্তুতকরণের অগ্রগতি। | ২.১ সদস্য-সচিব জানান, জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ২০১৬-২০২১ মেয়াদে পুস্তক আকারে চূড়ান্ত মুদ্রণ সম্পন্ন হয়েছে ও ১১০০টি বই অগ্রণী প্রিন্টিং প্রেস থেকে সরবরাহ করা হয়েছে। তিনি সভায় "জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ২০১৬-২০২১" বিতরণের জন্য তালিকা প্রণয়ন প্রয়োজন মর্মে উল্লেখ করেন। সেপ্রেক্ষিতে জনাব গোপালচন্দ্র দেবনাথ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি) জেলা পর্যায়ে ডিসি ও উপজেলা পর্যায়ে টিএনও'কে কর্মপরিকল্পনার কপি দেয়ার বিষয়ে মত প্রদান করেন। বিস্তারিত আলোচনান্তে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), প্রকল্প পরিচালক (সকল), ফোরামের সদস্যগণ, জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলী এবং জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা প্রকৌশলীগণকে "জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ২০১৬-২০২১" প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। জনাব মোঃ নজরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সড়ক ও ভবন ডিজাইন) জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ২০১৬-২০২১" এলজিইডির ওয়েব সাইটে দেয়ার বিষয়ে মত প্রদান করেন। সেপ্রেক্ষিতে সভাপতি জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ২০১৬-২০২১" এলজিইডির ওয়েব সাইটে দেয়ার সিদ্ধান্ত প্রদান করেন। পরবর্তীতে টিএনও ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বই দেয়ার প্রয়োজন হলে অফসেট পেপারে একাধিক প্রিন্ট করে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| | ২.২ সদস্য-সচিব জনাব সালমা শহীদ মনিটরিং ফরমেটের খসড়া প্রস্তুতকরণের অগ্রগতির বিষয়ে সভাকে অবহিত করেন। সভায় সর্বসম্মতিক্রমে দাখিলকৃত খসড়া মনিটরিং ফরমেট চূড়ান্ত করার জন্য জনাব গোপালচন্দ্র দেবনাথ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি) এর নেতৃত্বে সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআইপি, জনাব উজ্জ্বল ত্রিপুরা, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসএসডব্লিউআরডিপি-II, জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি, জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসএসডব্লিউআরডিপি-II এবং সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরামসহ কমিটি গঠন করা হয়। কমিটি কর্মপরিকল্পনার আলোকে চূড়ান্তকৃত সেক্টর ভিত্তিক মনিটরিং ফরমেট আগামী ০১ মাসের মধ্যে সভাপতির নিকট দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সদস্য-সচিব জানান, মনিটরিং ফরমেট চূড়ান্ত হলে ফরমেটের উপর প্রশিক্ষণ প্রয়োজন হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি), জনাব সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআইপি। জনাব মৌসুমী সালমিন, সি:সহ:প্র:, এসএসডব্লিউআরডিপি-II। জনাব সোনিয়া নওরিন, সি:সহ:প্র:, এমজিএসপি। জনাব উজ্জ্বল ত্রিপুরা, সি:সহ:প্র:, এসএসডব্লিউআরডিপি-II। সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |

| | | |
|---|---|---|
| | • সভায় এডিবি অর্থায়নে কারিগরি সহায়তা প্রকল্পের বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাওয়া হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআইপি জানান, পরিকল্পনা কমিশনের মতামতের আলোকে টিএপিপি সংশোধন করতঃ মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা নেয়া হয়েছে।<br><br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি) জনাব গোপালচন্দ্র দেবনাথ বলেন বর্তমানে সারাবিশ্বে জেন্ডার সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়।<br><br>সভাপতি জানান, এলজিইডিতে জেন্ডার বিষয়ে প্রথম পদক্ষেপ গৃহীত হয় এলজিইডি'র প্রথম প্রধান প্রকৌশলী মরহুম জনাব কামরুল ইসলাম সিদ্দিক এর হাতে। পরবর্তীতে ক্রমে এটা বর্তমান আকার ধারন করে। জেন্ডার প্রাতিষ্ঠানিকীকরণে এডিবি প্রস্তাবিত কারিগরি সহায়তা প্রকল্প বিশেষ ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরো জানান, জেন্ডার ফোরামের যে Achivement আছে সেখানে দুইটি Achivement চোখে পড়ে; প্রথমতঃ প্রতি বছর আন্তর্জাতিক নারী দিবস উদযাপন। দ্বিতীয়ত ঃ জাতীয় নারী নীতির আলোকে তৈরীকৃত "জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা"। সেক্ষেত্রে ফলোআপ করার জন্য মনিটরিং ফরমেট অত্যন্ত গুরুত্বপূর্ণ। | |
| ৩। বিবিধ | ৩.১ সভায় জনাব সালমা শহীদ, সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম ফোরামের দৈনন্দিন কাজের জন্য প্রয়োজনীয় Stationary'র বিষয়টি উল্লেখ করেন। ইতিমধ্যে ফোরামের আবেদনের প্রেক্ষিতে ০৩ (তিন) মাসের প্রয়োজনীয় স্টেশনারী প্রদানের জন্য প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি-II'কে সভায় ধন্যবাদ জানানো হয়। পরবর্তীতে সভাপতি ফোরামের প্রয়োজনীয় স্টেশনারী পিইডিপি-৪ থেকে সরবরাহের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সড়ক বাস্তবায়ন)'কে অনুরোধ জানান এবং তিনি সম্মতি প্রকাশ করেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সড়ক বাস্তবায়ন)।<br>সদস্য-সচিব,<br>জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| | ৩.২ সদস্য-সচিব এ পর্যায়ে ফোরামের সদস্য হিসেবে জনাব উজ্জ্বল ত্রিপুরা, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসডব্লিউআরডিপি-II'কে কো-অপ্ট করার প্রস্তাব করলে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | জনাব উজ্জ্বল ত্রিপুরা, সিঃসহঃপ্রঃ, এসএসডব্লিউআরডিপি-II। |
| | ৩.৩ জনাব সালমা শহীদ, সদস্য-সচিব জেন্ডার ও উন্নয়ন ফোরামের সমস্ত ফাইল, ডকুমেন্টস (ফাইল রেজিষ্টারসহ) ফোরামে প্রেরণের জন্য বিদায়ী সদস্য-সচিব সৈয়দা আসমা খাতুনকে অনুরোধ জানান। | জনাব সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআইপি |
| | ৩.৪ সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি) এলজিইডি সদর দপ্তরে নারীদের টয়লেট, ফ্লোর পরিস্কার-পরিচ্ছন্ন রাখা এবং সংশ্লিষ্ট ফ্লোরের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণের ওপর এই দায়িত্ব অর্পনের বিষয়টি উপস্থাপন করেন। এলজিইডি ভবনের বিভিন্ন ফ্লোরে নারী কর্মকর্তাদের জন্য নির্ধারিত টয়লেট পুরুষ কর্মকর্তা কর্তৃক ব্যবহারের বিষয়টি নিয়ে আলোচনা হয়। এছাড়া আরডিইসি ভবনের নারী কর্মকর্তা ও কর্মচারীদের জন্য টয়লেট ব্যবহারের বিষয়টি উত্থাপিত হয়। এখানেও নারীদের জন্য নির্ধারিত টয়লেটে পুরুষের প্রবেশের বিষয়টি আলোচনায় আসে। বিষয়টিতে স্পেস বরাদ্দ ও পরিস্কার-পরিচ্ছন্ন কমিটির দৃষ্টি আকর্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ইউনিট/সকল) |
| | ৩.৫ সভায় সর্বসম্মতিক্রমে আরটিআইপি-IIএর সিনিয়র সহকারী প্রকৌশলী আবিনাশ হোসনে আরাকে ওই প্রকল্পের হিসাবরক্ষকের দ্বারা অপমানিত হওয়ায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো হয়। সভাপতি বলেন, যদি এর কোন প্রতিকার না হয় তবে আগামীতে নারীরা আরো এ ধরনের ঘটনার স্বীকার হবে। এলজিইডিতে বিদ্যমান নারী বান্ধব কর্মপরিবেশ বিনষ্ট হবে। এ প্রসঙ্গে জনাব ওয়াহিদুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সড়ক বাস্তবায়ন) বলেন, বিষয়টি আইন ও শৃংখলা কমিটিকে জানানো প্রয়োজন এবং ফলোআপ করতে হবে। সভায় সভাপতি ফলোআপের দায়িত্ব সদস্য-সচিবকে দেয়ার প্রস্তাব করেন। | সদস্য-সচিব,<br>জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| | ৩.৬ জনাব ওয়াহিদুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সড়ক বাস্তবায়ন) বলেন, নারী পুরুষ নির্বিশেষে সব কর্মকর্তার অফিসিয়াল সম্বোধন এক হওয়া প্রয়োজন। সকল জুনিয়র অফিসার সিনিয়র অফিসারকে "স্যার" সম্বোধন করবেন এটাই আমাদের সরকারি দপ্তরের প্রথা। অথচ নারী কর্মকর্তাদের সবাই ম্যাডাম বা আপা বলে সম্মোধন করেন, যা কাম্য নয়। এতে অফিসিয়াল শৃংখলাও বিনষ্ট হওয়ার আশংকা থাকে। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে এ সংক্রান্ত অফিস আদেশ জারী করা যায় মর্মে তিনি উল্লেখ করেন। জনাব শেখ মুজাক্কা জাহের, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা) বলেন, বিষয়টি সভার কার্যবিবরণীতে উল্লেখ করা প্রয়োজন। | সদস্য-সচিব,<br>জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| | ৩.৭ এছাড়া সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী ফোরামের দায়িত্ব বের করে তা লিপিবদ্ধ করা ও অগ্রগতি মনিটরিং করা; বিভিন্ন প্রকল্পে জেন্ডার ফোকাল পয়েন্ট নির্ধারণের জন্য পত্র | |

| | | |
|---|---|---|
| | জারী করার এবং সকল ধরনের সভায় জেন্ডার বিষয়ে একটি Presentatrion এর ব্যবস্থা রাখার বিষয়ে মত প্রদান করেন।<br><br>বিদায়ী সদস্য-সচিব সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআইপি দীর্ঘ সময় ফোরামের সাথে যুক্ত থাকার এবং বর্তমান সভাপতির সাথে সরাসরি কাজ করার অনুভূতি ব্যক্ত করেন এবং নতুন সদস্য-সচিবকে অভিনন্দন জানান।<br><br>সভাপতি মহোদয় বিদায়ী সদস্য-সচিব জনাব সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআইপি দীর্ঘ সময় ফোরামের সাথে যুক্ত থাকার জন্য ধন্যবাদ জানান। একইসাথে ফোরাম গঠনের ইতিহাস স্মৃতিচারণ করেন এবং জেন্ডার ও উন্নয়ন ফোরাম একটা পূর্ণাঙ্গ ইউনিটে রূপান্তরিত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। | |

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আহসান হাবিব)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
(মনিটরিং, অডিট, প্রকিউরমেন্ট, আইসিটি ও জেন্ডার)
এবং
সভাপতি
এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।

বিতরণঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সড়ক ও ভবন ডিজাইন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সড়ক বাস্তবায়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর পরিকল্পনা ও নগর অবকাঠামো উন্নয়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইডব্লিউআরএম(পিএন্ডডি), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৭। প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি(জাইকা-II), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৮। প্রকল্প পরিচালক, প্রভাতী৩, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৯। প্রকল্প পরিচালক, সিটিইআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১০। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-III, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১১। প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১২। জনাব সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআরআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৩। নির্বাহী প্রকৌশলী (প্রশিক্ষণ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৪। জনাব সালমা শহীদ, নির্বাহী প্রকৌশলী এবং সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৫। জনাব উজ্জ্বল ত্রিপুরা, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসএসডব্লিউআরডিপি-II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৬। জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৭। জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসএসডব্লিউআরডিপি-II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৮। জনাব হোসনে আরা, সিনিয়র সহকারী প্রকৌশলী, পিইডিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৯। জনাব ফারহানা লিমা, সিনিয়র সহকারী প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২০। জনাব রাহেনা বানু, সিনিয়র সহকারী প্রকৌশলী, আরসিআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২১। জনাব আমিনুর রহমান, সিনিয়র সহকারী প্রকৌশলী (আইডব্লিউআরএম), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২২। জনাব সোহানা পারভীন, সিনিয়র সহকারী প্রকৌশলী (পিএমএন্ডই ইউনিট), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৩। জনাব হুমায়রা হাবিব তাসমি, সহকারী প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মনিটরিং, অডিট, প্রকিউরমেন্ট, আইসিটি ও জেন্ডার), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।